

পাসপোর্ট কী? এবং কেন
এটি গুরুত্বপূর্ণ?



#1

পাসপোর্ট কী?

পাসপোর্ট হলো একটি সরকারী নথি যা আপনার নিজের দেশ থেকে জারি করা হয়।

এটি যেভাবে কাজ করে তা হলো :

- এটি একটি পরিচয়পত্র হিসাবে কাজ করে যেখানে উল্লেখ থাকে আপনি কে এবং আপনি কোথা থেকে এসেছেন;
- এটি সীমান্ত অতিক্রম করার এবং বিদেশে ভ্রমণ করার জন্য একটি ভ্রমণ নথি হিসেবে কাজ করে।

এটি আর আবাসিক অনুমতিপত্র এক জিনিস নয়!



#2

এতে কী কী থাকে এবং কেন এটি গুরুত্বপূর্ণ

পাসপোর্টে আপনার ব্যক্তিগত তথ্য অন্তর্ভুক্ত থাকে :



- নামের প্রথম অংশ,
- নামের শেষ অংশ,
- জন্মতারিখ ইত্যাদি।

কিন্তু সতর্ক থাকবেন!
এই তথ্য সব দেশে
একরকম নয়।

কিছু দেশে নামের শেষ অংশ থাকে না, কোনও কোনও দেশ আলাদা ক্যালেন্ডার ব্যবহার করে। এই কারণে মাঝে মাঝে তথ্যের প্রতিলিপি তৈরি করা বা পরিচয় নিশ্চিত করার ক্ষেত্রে সমস্যা দেখা দেয়।

#3

কেন বিদেশী শিশুদের জন্য এটি গুরুত্বপূর্ণ

এটি প্রমাণ করে আপনি কে এবং কোথা থেকে
এসেছেন।

যখন আপনি প্রাপ্তবয়স্ক হন, তখন এটি যেসব কারণে
গুরুত্বপূর্ণ, সেগুলো নিচে দেওয়া হলো :

- আপনার আবাসিক অনুমতিপত্র নবায়ন করা বা
রূপান্তর করা
- ভ্রমণ করা এবং আপনার দেশে ফিরে আসা (যদি
আপনার স্ট্যাটাসে সেটার অনুমোদন থাকে)



এই কারণে, যদি আপনি আন্তর্জাতিক সুরক্ষার জন্য
আবেদন না করেন, তাহলে যত দ্রুত সন্তুষ্টির তথ্য
সংগ্রহ করা এবং পদ্ধতি শুরু করা গুরুত্বপূর্ণ।



#4

কখন এটির অনুরোধ বা আবেদন করবেন না

আপনি যদি আশ্রয় বা আন্তর্জাতিক সুরক্ষার জন্য
আবেদন করেন, তাহলে আপনি আপনার দেশের
কনসুলেট বা দূতাবাসে যাবেন না।

দ্রুত আপনার অভিভাবক, সমাজকর্মী বা
আইনজীবীর সাথে কথা বলুন।

যদি আপনি আন্তর্জাতিক সুরক্ষা পান, তাহলে আপনি
পরবর্তীতে ইতালিয়ান ট্রাভেল ডকুমেন্টের জন্য আবেদন
করতে পারবেন। (এটি আপনাকে ইউরোপের
দেশগুলোতে ভ্রমণ করার অনুমতি দান করে, কিন্তু এটি
আপনার নিজের দেশে ফিরে যাওয়ার জন্য বৈধ নয়)।



#5

কীভাবে এর জন্য আবেদন করতে হয়

আপনি যদি এখনো আশ্রয়ের জন্য আবেদন না করে থাকেন এবং নিরাপদে তা করতে পারেন, তাহলে পাসপোর্টের জন্য আবেদন করার পদ্ধতি এখানে দেওয়া হলো :

- 1 আপনার নিজের দেশ থেকে প্রাথমিক নথিগুলো সংগ্রহ করুন (যেমন আপনার জন্মসনদ বা পরিচয়পত্রের সার্টিফিকেট)। বেশিরভাগ ক্ষেত্রেই আপনার পরিবারের সদস্যদের বা পরিচিতদের কাছ থেকে সহায়তা প্রয়োজন হবে।
 - 2 ইতালিতে আপনার দেশের কনসুলেটে বা দূতাবাসে আবেদনপত্রটি জমা দিন।
- !** প্রক্রিয়া সম্পন্ন হওয়ার সময়কাল ও খরচ দেশ অনুযায়ী ভিন্ন হয়—সর্বদা আপনার অভিভাবক বা কোনো আইনজীবীর সাহায্য নিন।



#6

জন্ম সংক্রান্ত নথির গুরুত্ব

অনেক দেশেই সকল শিশুর নিবন্ধন জন্মের
সময় হয় না।

জন্মসনদ ছাড়া আপনার বয়স ও পরিচয়
প্রমাণ করা কঠিন হতে পারে।

তথ্য কোনো ভুল থাকলে তা
সমাধান করার জন্য আইনি
সহায়তা প্রয়োজন।

#7

সাধারণ সমস্যাসমূহ

- জন্মের সময়ে নিবন্ধিত না থাকা
- ইতালিতে এবং আপনার নিজের দেশে
আলাদা তথ্য
- ইতালিতে কনসুলেট অনেক দূরে
অবস্থিত বা একেবারেই নেই (যেমন
বেনিন বা অন্যান্য আফ্রিকান দেশ)
- নথিপত্র সংগ্রহ করার ক্ষেত্রে দুর্বীতি বা
উচ্চ খরচ



#8

পাসপোর্ট খুবই গুরুত্বপূর্ণ, কিন্তু
আপনার সুরক্ষা সবার আগে।
এর জন্য সকলের আবেদন করার
প্রয়োজন নেই এবং প্রত্যেক পরিস্থিতি
ভিন্ন।

কোনো সিদ্ধান্ত নেওয়ার আগে যে
ব্যক্তি (অভিভাবক, শিক্ষক) আপনাকে
সহায়তা করছেন, তাকে জানান।

#9

HERE4U প্রোজেক্ট

আপনার বয়স কি ১৪
থেকে ২৪ বছরের মধ্যে?

Here4U হলো বিনামূল্যে একটি বেনামী সেবা যা
আপনার ভাষায় আইনি ও মানসিক সহায়তা প্রদান
করে।

U-REPORT ON THE MOVE-এর মাধ্যমে
আমাদের সাথে যোগাযোগ করুন



@ureportotm_bot

+39 320 248 0863



U-Report On The Move

